



সীমান্তে বেড়া নির্মাণে বিএসএফকে জমি হস্তান্তর পশ্চিমবঙ্গ সরকারের



ছবি: সংগৃহীত

বাংলাদেশ সীমান্তজুড়ে নিরাপত্তা জোরদারে নতুন উদ্যোগ নিয়েছে পশ্চিমবঙ্গ সরকার। মুখ্যমন্ত্রী হিসেবে দায়িত্ব নেওয়ার পর প্রথম মন্ত্রিসভা বৈঠকেই সীমান্তে কাঁটাতারের বেড়া নির্মাণের জন্য বিএসএফকে জমি হস্তান্তরের সিদ্ধান্ত নেন শুভেন্দু অধিকারী।

বুধবার রাজ্য সচিবালয় নবান্নে বিএসএফ কর্মকর্তাদের সঙ্গে বৈঠকের পর প্রাথমিকভাবে ২৭ কিলোমিটার এলাকায় বেড়া নির্মাণের জন্য জমি বুঝিয়ে দেওয়া হয়। সরকারের দাবি, সীমান্তের নিরাপত্তা বাড়াতেই এই পদক্ষেপ নেওয়া হয়েছে।

জানা গেছে, প্রকল্পের আওতায় সরকারি খাস জমির পাশাপাশি ব্যক্তিমালিকানাধীন জমিও অধিগ্রহণ করা হয়েছে। কয়েকটি জেলার বিস্তীর্ণ এলাকা এই পরিকল্পনার অন্তর্ভুক্ত। জমি অধিগ্রহণ ও অন্যান্য ব্যয়ের পুরো অর্থ বহন করবে ভারতের কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রণালয়।

শুভেন্দু অধিকারীর ভাষ্য, পশ্চিমবঙ্গের সঙ্গে বাংলাদেশের দীর্ঘ সীমান্তের বড় অংশে আগেই কাঁটাতারের বেড়া নির্মাণ করা হলেও এখনও উল্লেখযোগ্য কিছু এলাকা উন্মুক্ত রয়েছে। তার অভিযোগ, পূর্ববর্তী সরকারের রাজনৈতিক অবস্থানের কারণে বহু জায়গায় এতদিন বেড়া নির্মাণ আটকে ছিল।

তিনি বলেন, সীমান্ত এলাকায় নজরদারি আরও শক্তিশালী করতে অবশিষ্ট এলাকাগুলোতেও দ্রুত কাজ এগিয়ে নেওয়া হবে।